# বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
## Bangladesh Food Safety Authority

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

খাদ্য মন্ত্রণালয়

# খাদ্যপণ্যের বিজ্ঞাপন প্রচার সম্পর্কিত
# সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কিছু অসাধু খাদ্য ব্যবসায়ী প্রতিষ্ঠান খাদ্যপণ্যের বিজ্ঞাপনে অসত্য বা মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে ভোক্তাদের মাঝে বিভ্রান্তির সৃষ্টি করছে। এমতাবস্থায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা-৪১ ও ধারা-৪২ অনুযায়ী খাদ্যপণ্য উৎপাদনকারী, আমদানিকারক, সরবরাহকারী, মোড়কজাতকারী ও ব্যবসায়ীসহ সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশ প্রদান করা যাচ্ছে।

- খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণের গুণ, প্রকৃতি, মান, ইত্যাদি সম্পর্কে অসত্য বিজ্ঞাপন মুদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করা যাবে না।
- বিজ্ঞাপনে বিভ্রান্তিকর বা অসত্য তথ্য প্রদান করা যাবে না।
- মিথ্যা নির্ভরতামূলক বক্তব্য বিজ্ঞাপনে প্রচার করা যাবে না।
- "চিকিৎসক, বিশেষজ্ঞ বা সমতুল্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশকৃত" এই ধরনের কোন বিজ্ঞাপন প্রচার করা যাবে না।
- "কোনো মিথ্যা দাবী বা রোগ নিরাময়কারী" এই ধরনের কোন অভিব্যক্তি বিজ্ঞাপনে প্রচার করা যাবে না।
- খাদ্য সংযোজন দ্রব্য (**Food Additive**) আছে এইরূপ খাদ্যের বিজ্ঞাপনে বিশুদ্ধ/খাঁটি/পিওর বা অনুরূপ কোন অভিব্যক্তি প্রচার করা যাবে না ।
- "মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য বা বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য" এ ধরনের কোন বিজ্ঞাপন মুদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করা যাবে না।

**মিথ্যা বিজ্ঞাপন প্রচার নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।**

**এর শাস্তি এক (১) বৎসর কারাদণ্ড বা চার (৪) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।**